105

তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা ৩ কলাম ৪

৩৭/

দৈনিক ইত্তেফাক

# কলেজে শিক্ষক স্বল্পতা অর্থাভাব ও স্থান সংকুলান সমস্যা

বিভিন্ন এলাকার কয়েকটি কলেজে শিক্ষক স্বল্পতা, প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব, স্থানাভাব, আর্থিক সংকট, ছাত্রাবাসের সুব্যবস্থা না থাকা, সরকারীকরণের ব্যবস্থা না হওয়া ইত্যাদি কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় অসুবিধা হইতেছে। খবর ইত্তেফাক সংবাদ-দাতাদের।

**নবাবগঞ্জ (ঢাকা):** দোহার-নবাবগঞ্জ মহাবিদ্যালয়ে নানা সমস্যা বিরাজ করিতেছে। কলেজে শিক্ষক স্বল্পতা দীর্ঘদিনের। শ্রেণী কক্ষের অভাব রহিয়াছে। পুরাতন টিনের ঘরের শ্রেণীকক্ষটি মেরামত করা প্রয়োজন। আসবাবপত্রের অভাব রহিয়াছে। বিজ্ঞান ভবন ও বিজ্ঞানা-গারের প্রয়োজনীয় জিনিষপত্রের অভাব রহিয়াছে। অসমাপ্ত বিল্ডিং-এর নির্মাণ কাজ অর্থের অভাবে বন্ধ রহিয়াছে। প্রয়োজনীয় প্রস্রাব-খানা পায়খানা নাই। খাবার পানির জন্য নলকূপ নাই। অধ্যাপকদের বসার তেমন কোন ব্যবস্থা নাই। কলেজে কর্মচারীরও অভাব রহি-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## কলেজে শিক্ষক স্বল্পতা

( ৩য় পৃঃ পর )

ছে। কলেজ ছাত্রাবাস টির অবস্থা করুণ। উহা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বাউণ্ডারী ওয়াল নাই। কলেজ-টিকে সরকারীকরণের দাবী জানানো হইয়াছে।

**নরসিংদী :** নরসিংদী জেলার একমাত্র মহিলা কলেজটি আর্থিক সংকটের মধ্যদিয়া কোন রকমে টিকিয়া আছে, বেশ কয়েক মাস ধরিয়া শিক্ষকগণ বেতন পাইতেছেন না। ছাত্রী বেতন ও সরকারী মঞ্জুরীর উপর নির্ভর করিয়া কলেজটি কোন-রকমে চলিতেছে। এলাকাবাসী ও অন্যান্য মহল জেলার একমাত্র মহিলা কলেজটি সরকারীকরণের দাবী জানাইয়াছেন।

**দোহাজারী (চট্টগ্রাম) :** প্রায় ২ মাস যাবৎ চন্দনাইশ উপজেলার গাছবাড়িয়া সরকারী কলেজে শিক্ষ-কের স্বল্পতার দরুন ছাত্রছাত্রীদের লেখাপড়ায় ব্যাঘাত ঘটিতেছে। কলেজে ৮ জন শিক্ষকের স্থলে ২৬শে নভেম্বর শেষ খবর পাওয়া পর্যন্ত মাত্র ২ জন শিক্ষক কর্মরত থাকিয়া কাজ চালাইয়া যাইতেছেন। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীরা কর্তৃপক্ষের নিকট বহু আবেদন-নিবেদনের পরেও কোন ফলোদয় হইতেছে না বলিয়া অভিযোগ রহিয়াছে।

যোগাযোগ করিলে কলেজের অধ্যক্ষ বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আছে বলিয়া জানান।

**লালমনিরহাট :** লালমনির-হাটের মজিদা খাতুন ইন্টারমিডি-য়েট মহিলা কলেজটিকে ডিগ্রী কলেজে উন্নীত করার জন্য এলাকা-বাসী দাবী জানাইয়াছে। গত দুই বছর যাবৎ কলেজটি চলিয়া আসি-তেছে। জেলার একমাত্র মহিলা কলেজটি এখনও সরকারী মঞ্জুরী পায় নাই।